ছেলে হোক, মেয়ে হোক,
দুটি সন্তানই যথেষ্ট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
এমসিএইচ-সার্ভিসেস ইউনিট
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.dgfp.gov.bd

মুজিব বর্ষে স্বাস্থ্য খাত
এগিয়ে যাবে অনেক ধাপ

স্মারক নং- পপঅ/এমসিআরএএইচ/প্রশা-২৩/২০১৭/(অংশ-১)/ তারিখ ঃ

বিষয়ঃ COVID-19 (করোনা ভাইরাস) সংক্রমণজনিত পরিস্থিতিতে প্রদত্ত নির্দেশনাসমূহ।

বিশ্বজুড়ে COVID-19 (করোনা ভাইরাস) সংক্রমণ বৈশ্বিক মহামারী আকার ধারণ করেছে। বাংলাদেশেও এ রোগের প্রাদুর্ভাব দেখা দিয়েছে। একজন আক্রান্ত মানুষের শরীর থেকে অন্য মানুষের শরীরে এই ভাইরাস ছড়িয়ে পড়ে। আক্রান্ত ব্যক্তির হাঁচি-কাশির সংস্পর্শে এলে বা তার সঙ্গে হাত মেলালেও করোনা ভাইরাস শরীরে সংক্রমিত হতে পারে। সেই লক্ষ্যে উদ্ভূত পরিস্থিতিতে সেবা গ্রহণকারী এবং সেবা প্রদানকারীদের স্বাস্থ্য ঝুঁকি এড়ানোর নিমিত্তে নিম্নলিখিত নির্দেশনাসমূহ প্রদান করা হলোঃ-

ক) সকল ধরনের প্রশিক্ষণ কার্যক্রম আগামী ৪ এপ্রিল, ২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত স্থগিত করা হলো।

খ) এমসিআরএএইচ অপারেশন প্ল্যানের আওতায় অনুষ্ঠিতব্য সকল ধরনের ওয়ার্কশপ, সেমিনারসহ বিভিন্ন ধরনের সভা আয়োজনে আগামী ৪ এপ্রিল, ২০২০ খ্রিঃ পর্যন্ত স্থগিত রাখা হলো।

গ) সেবা কেন্দ্রে আগত রোগীদের সেবা প্রদান কার্যক্রম চালিয়ে যেতে হবে, তবে সেবা প্রদানকারীদের সুরক্ষামূলক প্রয়োজনীয় ব্যবস্থা (মাস্ক, গ্লাভস্ এবং সেনিটারাইজারসহ ইত্যাদি ব্যবহার) গ্রহণপূর্বক সেবা প্রদান করতে হবে। প্রাসঙ্গিকভাবে উল্লেখ্য যে, জাতীয় পর্যায়ে ০৩ টি স্থাপনাসহ দেশের সকল মা ও শিশু কল্যাণ কেন্দ্রে স্বাস্থ্য নিরাপত্তার স্বার্থে গত ১৯/০৩/২০২০ খ্রিঃ তারিখের স্মারক নং-৪০৬ মোতাবেক অর্থ বরাদ্দ প্রদান করা হয়েছে। এই নির্দেশনা পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ওয়েব সাইটে দেওয়া হয়েছে।

ঘ) স্যাটেলাইট ক্লিনিক ও অন্যান্য পরিবার পরিকল্পনা সেবা বিষয়ক ক্যাম্প আয়োজনে সরকার কর্তৃক প্রদত্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করতে হবে। যথা; যে সকল এলাকায় COVID-19 এর জন্য লক ডাউন বা জন চলাচল সীমাবদ্ধ করা হয়েছে, সেখানে স্যাটেলাইট ক্লিনিক কিংবা ক্যাম্প আয়োজন না করার নির্দেশ দেয়া হলো।

ঙ) বিদেশ ফেরত ব্যক্তির সংস্পর্শে আসা কোনো ব্যক্তির যদি COVID-19 (করোনা ভাইরাস) আক্রান্তের লক্ষণ প্রকাশ পায়; তবে অনতিবিলম্বে স্থানীয় প্রশাসনের সাথে যোগাযোগের জন্য অনুরোধ করা হলো।

নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে

স্বাঃ-

(ডাঃ মোহাম্মদ শরীফ)
পরিচালক (এমসিএইচ-সার্ভিসেস) ও
লাইন ডাইরেক্টর (এমসিআরএএইচ)
ফোনঃ ০২-৫৫০৪২৩৫৮ (অফিস)
ই-মেইলঃ dirmchsfp@gmail.com

১) পরিচালক/তত্ত্বাবধায়ক,
এমএফএসটিসি/এমসিএইচটিআই,
মোহাম্মদপুর/আজিমপুর/লালকুঠি, মিরপুর, ঢাকা।

২) উপ-পরিচালক (সকল),
জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়,
---------- জেলা।

স্মারক নং- পপঅ/এমসিআরএএইচ/প্রশা-২৩/২০১৭/(অংশ-১)/ ৪৯৬/১(২২০০) তারিখ ঃ ২৪/০৩/২০২০ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (জনসংখ্যা ও পরিবার কল্যাণ ও আইন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (আর্থিক ব্যবস্থাপনা ও অডিট), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। পরিচালক/লাইন ডাইরেক্টর (সকল), ----------অত্র অধিদপ্তর।
৫। পরিচালক, পরিবার পরিকল্পনা, ---------- বিভাগ।
৬। মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। রিজিওনাল/ডিস্ট্রিক্ট কনসালটেন্ট (এফপিসিএস-কিউআইটি), ----------অঞ্চল/জেলা।
৯। সহকারী পরিচালক (সিসি)/(পপ), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় (সকল), ---------- জেলা।
১০। মেডিক্যাল অফিসার (ক্লিনিক)/(এমসিএইচ-এফপি), মা ও শিশু কল্যাণ কেন্দ্র (সকল), ---------- জেলা।
১১। মেডিক্যাল অফিসার (এমসিএইচ-এফপি)/উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ----------উপজেলা, ---------- জেলা।
১২। জনাব বৈশাখী চৌধুরী, সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, এমআইএস ইউনিট, অত্র অধিদপ্তর (অত্র অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৩। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর মহোদয়ের ব্যক্তিগত সহকারী, অত্র অধিদপ্তর।
১৪। পরিচালক (এমসিএইচ-সার্ভিসেস) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, অত্র ইউনিট।

২৪/০৩/২০২০

(ডাঃ মোঃ ফায়জুর রহমান)
সহকারী পরিচালক (সার্ভিসেস)